

উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২২- ৪০

তারিখঃ ০৫/০৩/২০২২খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটির সভা সমূহ আগামী ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। কৃষি ও সেচ কমিটি।
- ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।
- ৩। মুক্তি যোদ্ধা কমিটি।
- ৪। পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি।
- ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি।
- ৬। যুব ক্রীড়া উন্নয়ন কমিটি।
- ৭। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি।
- ৮। সাংস্কৃতি কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।

কম্পানি ০৫/০৩/২০২২

(মোসাঃ খোদিজা বেগম শাপলা)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বাগাতিপাড়া, নাটোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসন, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

তারিখঃ ০৮/০৩/২০২২খ্রি., সময়- সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের পদবী ও স্বাক্ষর

		স্বাক্ষর
১. মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
২. মেয়র, বাগাতিপাড়া পৌরসভা	সদস্য	
৩. চেয়ারম্যান, বাগাতিপাড়া ইউপি	সদস্য	
৪. চেয়ারম্যান, পাঁকা ইউপি	সদস্য	
৫. চেয়ারম্যান, জামনগর ইউপি	সদস্য	
৬. চেয়ারম্যান, দয়ারামপুর ইউপি	সদস্য	
৭. উপজেলা সমবায় অফিসার	সদস্য	
৮. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	সদস্য সচিব	

উপস্থিত সকল সদস্যদের অভিনন্দন জানিয়ে মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি সভার শুরু করেন।

আলোচ্য বিষয়ঃ (০১) : বিগত সভার সিদ্ধান্তবলী পাঠ ও দৃঢ়ীকরণ।

সভাপতি মহোদয়ের অনুরোধে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্যসচিব সভায় বিগত সভার সিদ্ধান্তবলী পাঠকরে শোনান।

সিদ্ধান্ত : পাঠান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্তগুলী দৃঢ়ীকরণ করা হয়।

পাতা চলমান ০১

আলোচ্য বিষয়ঃ (০২) : বিভাগীয় আলোচনা।

সমবায় বিভাগ

উপজেলা সমবায় অফিসার সভায় জানানযে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। মাঠ কার্যক্রমে গতিশীলতা ফিরেছে। সিভিডিপি প্রকল্পের সভা ও প্রশিক্ষণ চলমান আছে। উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের ঋণ আদায়ে গতিশীলতা বাড়ছে।

সিদ্ধান্ত : অফিস ও মাঠ কার্যক্রম আরও গতিশীল করার জন্য সভায় সর্ব-সন্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

পল্লী উন্নয়ন বিভাগ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানানযে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক কোভিড-১৯ সংক্রমণ কম থাকায় মাঠকার্যক্রমে গতি বাড়ছে। ২০২১-২২ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ডিসেম্বর/২১ মাসে প্রথম ব্যাচের ০১ দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে খেলাপী ঋণ আদায় ও নতুন ঋণ বিতরণের জন্য তাঁর দপ্তর বন্ধ পরিকর।

সিদ্ধান্ত : অফিস ও মাঠ কার্যক্রম গতিশীল করার জন্য সভায় সর্ব-সন্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নটোর।